



মাদরাসা পরিদর্শন দফতর  
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

www.iau.edu.bd iauins13@gmail.com

“শিক্ষা নিয়ে গড়ব দেশ  
শেখ হাসিনার বাংলাদেশ”

বাড়ি নং-১২৪/২২ ব্লক-এ, সড়ক নং-০৩, ওয়েস্ট ধানমন্ডি, বচ্ছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/২০১৯/৭৯৬০

তারিখ : ২২ পৌষ, ১৪২৬ বঙ্গাব্দ  
০৬ জানুয়ারি, ২০২০ খ্রিস্টাব্দ


### অফিস আদেশ

সোনাহাজরা মুফিজিয়া ফাজিল মাদরাসা, ডাকঘর: খালপাড়, উপজেলা: নবাবগঞ্জ, জেলা: ঢাকা-এর ফাজিল (স্নাতক) বি.এ/বি.এস.এস স্তর অধিভুক্তি নবায়নের বিষয়ে অধ্যক্ষের ১৩.০৩.২০১৯ খ্রি. তারিখের আবেদনের প্রেক্ষিতে ও ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধিভুক্তি নবায়ন সংক্রান্ত বিধি অনুযায়ী গঠিত ০১ (এক) সদস্য বিশিষ্ট কমিটির দাখিলকৃত প্রতিবেদনের আলোকে উপাচার্য মহোদয়ের অনুমোদনক্রমে মাদরাসাটির ফাজিল (স্নাতক) বি.এ/বি.এস.এস স্তর নিম্নবর্ণিত শর্তে ২৭.০৪.২০১৯ খ্রি. থেকে ২৬.০৪.২০২০ খ্রি. তারিখ পর্যন্ত ৪ (চার) বছরের জন্য অধিভুক্তি নবায়ন করা হলো -

#### শর্তসমূহ :

- ১। প্রভাষক (আরবি) ০১ জন, সহকারী শিক্ষক (সমাজ বিজ্ঞান) ০১ জন, অফিস সহকারী ০১ জন, অফিস সহায়ক ০২ জনসহ মোট ০৫ টি শূন্যপদ যথাযথ পূরণের ব্যবস্থা করতে হবে।
- ২। অভ্যন্তরীণ ক্রম কমিটি গঠন এবং ব্যাংক রেজিস্ট্রারের মাধ্যমে সকল লেনদেন সম্পন্ন করতে হবে।
- ৩। লাইব্রেরী পরিষ্কার-পরিচ্ছন্ন করে রেফারেন্স বইসহ আরো যোগ্যউপযোগী বই দিয়ে সমৃদ্ধ করে নিয়মিত শিক্ষক-শিক্ষার্থীদের ব্যবহার নিশ্চিত করতে হবে।
- ৪। অধ্যক্ষের কক্ষে অনার বোর্ড স্থাপন এবং ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়সহ সংশ্লিষ্ট দপ্তরের নোটিশগুলো মাদরাসার নোটিশ বোর্ডে লাগাতে হবে।
- ৫। শিক্ষাসহায়ক কার্যক্রম যেমন-সাংস্কৃতিক, বিতর্ক, খেলাধুলা, হামদ-নাত ইত্যাদি অনুষ্ঠানের নিয়মিত আয়োজন ও শিক্ষার্থীদের অংশগ্রহণ নিশ্চিত করতে হবে।
- ৬। শিক্ষার্থীদের আইসিটি ক্লাস নিয়মিত নিশ্চিত করতে হবে।
- ৭। শ্রেণিকক্ষে শিক্ষার্থীদের উপস্থিতি এবং লেখাপড়ার গুণগত মান বৃদ্ধি করতে হবে।
- ৮। শিক্ষার্থীদের জন্য ইংরেজি ও আরবি ভাষার দক্ষতা অর্জনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- ৯। মাদরাসার নামে যেসব জমির নামজারী নেই তা নামজারী করে হালনাগাদ খাজনা পরিশোধ করতে হবে।
- ১০। মাদরাসার সাইনবোর্ডে বাংলা নামের সাথে আরবি নাম এবং “ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় অধিভুক্ত” লেখাটি যুক্ত করতে হবে।
- ১১। অধিভুক্তির মেয়াদ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ৮ (আট) মাস পূর্বে নবায়নের জন্য নির্ধারিত ফরমে মাদরাসা পরিদর্শক বরাবর আবেদন করতে হবে।

উপাচার্য মহোদয়ের নির্দেশক্রমে

  
06.01.2020

(ড. জাভেদ আহমাদ)  
সহকারী পরিদর্শক (অতি: দায়িত্ব)  
মাদরাসা পরিদর্শন দফতর  
মোবাইল: ০১৭১৪-২০২০৬৬

#### অধ্যক্ষ


সোনাহাজরা মুফিজিয়া ফাজিল মাদরাসা  
ডাকঘর: খালপাড়, উপজেলা: নবাবগঞ্জ, জেলা: ঢাকা।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/২০১৯/৭৯৬০

তারিখ : ২২ পৌষ, ১৪২৬ বঙ্গাব্দ  
০৬ জানুয়ারি, ২০২০ খ্রিস্টাব্দ

#### অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো :

- ১। মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-০৩, ৩৭/৩/এ, ইফাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০।
- ২। চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, বকশী বাজার, ঢাকা-১২১১।
- ৩। রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (একাডেমিক কমিটির সভায় রিপোর্ট করার জন্য)।
- ৪। পি.এস টু ভিসি (দায়িত্বপ্রাপ্ত), উপাচার্য দপ্তর (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- ৫। আইসিটি বিভাগ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ৬। সভাপতি, সোনাহাজরা মুফিজিয়া ফাজিল মাদরাসা, ডাকঘর: খালপাড়, উপজেলা: নবাবগঞ্জ, জেলা: ঢাকা।
- ৭। অফিস নথি।

  
06.01.2020

(শিরিনা আক্তার)  
সেকশন অফিসার  
মাদরাসা পরিদর্শন দফতর  
মোবাইল: ০১৬৪২-১০০০১৫

অধি/নবায়ন/ফাইল নং-ঢাকা-১৮৩